

ক্যান্টনমেন্ট বোর্ড  
জালালাবাদ সেনানিবাস, সিলেট।  
www.jcbs.gov.bd

নং- ২৩.২২.৭০১৩.০০২.৩৩.০০৬.২২-৪০১

তারিখ: ১৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের আওতাধীন জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য যোগ্যতা	মন্তব্য
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)
১.	গাড়ি চালক (হালকা) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	০১(এক)টি	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এসএসসি পাস; উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে; ড্রাইভার হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী

- আগামী ১৬/১২/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে ১৬/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-৩১০৪ ঠিকানা বরাবর আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। মিথ্যা, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়স আগামী ১৬/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত চাকরি ফরম ও প্রবেশপত্র জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের [www.jcbs.gov.bd](http://www.jcbs.gov.bd) সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক ও নাগরিক সনদপত্র এবং ড্রাইভিং লাইসেন্স (হালকা) ও অভিজ্ঞতার সনদের ছায়াছবি, সদ্য তোলা ৫×৫ সে.মি সাইজের ০৩(তিন) কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত রেকর্ড/কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:  
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, (খ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (গ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও জন্ম নিবন্ধন সনদের মূলকপি (যদি থাকে), (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (ঙ) ড্রাইভিং লাইসেন্স (হালকা) ও অভিজ্ঞতার সনদের মূলকপি।
- প্রার্থীর পিতা/মাতা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে হলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র। যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- সরকার অনুমোদিত অন্যান্য কোটা প্রযোজ্য ক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ করা হবে।
- আবেদনকারী নিজ হাতে প্রবেশপত্র পূরণ করে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রসিদ ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১৫(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
১৪.১২.২০২২  
(মোহাঃ সেলিনা বানু)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
জালালাবাদ ক্যান্টনমেন্ট, সিলেট।

ফোন : ৮৮০২৯৯-৬৬৪২৬৭২, ৯১৭-৩১৬২ (সামরিক)  
ফ্যাক্স : ৮৮০২৯৯-৬৬৪২৭২১

E-mail: ceo\_jalalabad@dmlc.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

- মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
- স্টেশন সদর দপ্তর সিলেট, সিলেট সেনানিবাস।
- ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল), ..... সেনানিবাস।